

নম্বর: ২৩.০০.০০০০.১২০.১৪.০০৬.১৭-৩৩৯

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ, ১৪২৫/১০ জুন, ২০১৮

## সভার নোটিশ

সেনাসদর, কিউএমজি'র শাখা, এমএলকিউ পরিদপ্তরের ০৩ জুন, ২০১৮ তারিখের ২৩.০১.৯০১. ০৪৪. ০৩. ১৯৩. ০৭. ০৩.০৬.১৮ নম্বর পত্রের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সেনাবাহিনীর ২০১৪-২০১৫ অর্থ বছরে রাজস্ব বাজেটের আওতায় আবশ্যিকতার অনুমোদনপ্রাপ্ত ০৫টি প্রকল্পের কাঠামোগত পরিবর্তনের কারণে নাম সংশোধনের প্রস্তাবের বিষয়ে আলোচনার নিমিত্ত প্রতিরক্ষা মন্ত্রণালয়ের যুগ্মসচিব (পূর্ত ও উন্নয়ন) মহোদয়ের সভাপতিত্বে এ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে আগামী ১১ জুন, ২০১৮ তারিখ রোজ সোমবার অপরাহ্ন ১২.০০ ঘটিকায় একটি সভা অনুষ্ঠিত হবে।

### ২। সভার আলোচ্য সূচী নিম্নরূপ:

- (ক) প্রতিটি ভবনের কাঠামোগত পরিবর্তনের কারণ;
- (খ) পরিবর্তিত কাঠামোর জন্য (১ম পর্ব) পৃথকভাবে টেন্ডার/কন্ট্রাক্ট করা হয়েছে কি না ?
- (গ) কাঠামো হ্রাসের সাথে আনুপাতিক হারে ব্যয় হ্রাস না পাওয়ার যৌক্তিকতা;
- (ঘ) প্রকল্পের পরিবর্তনজনিত কারণে প্রকল্প বাস্তবায়নের সমস্যাসমূহ পর্যালোচনা।

৩। উক্ত সভায় সংশ্লিষ্ট পরামর্শদাতাকে বিস্তারিত নকশা ও পূর্ত পরিচালক ও প্রধান প্রকৌশলী (সেনা)-কে পূর্ণাঙ্গ প্রাক্কলনসহ সকলকে যথাসময়ে উপস্থিতি থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

স্বাঃ-

মোহাম্মদ ওয়ালিউল ইসলাম  
সহকারী সচিব  
ফোনঃ ৪৮১১১৫৬৯


- ১। যুগ্মসচিব, বাজেট অধিশাখা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।  
(সভায় উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব পর্যায়ের একজন কর্মকর্তাকে মনোনয়নের জন্য অনুরোধ করা হল)
- ২। প্রকৌশল উপদেষ্টা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। গবেষণা কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। সহকারী সচিব, ডি-১২ শাখা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

নম্বর: ২৩.০০.০০০০.১২০.১৪.০০৬.১৭-

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ, ১৪২৫/১০ জুন, ২০১৮

### অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক, চলাচল ও বাসস্থান পরিদপ্তর, কিউএমজি'র শাখা, ঢাকা সেনানিবাস ঢাকা।
- ২। পূর্ত পরিচালক ও প্রধান প্রকৌশলী (সেনা), কিউএমজি'র শাখা ঢাকা সেনানিবাস, ঢাকা।  
(সংশ্লিষ্ট কনসালটেন্টসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হল)।
- ৩। পূর্ত পরিচালক, পূর্ত পরিদপ্তর, সেনাসদর, ই-ইন-সি'র শাখা, ঢাকা সেনানিবাস, ঢাকা। (উপযুক্ত প্রতিনিধি প্রেরণের অনুরোধসহ)
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিস্টেম এনালিস্ট, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৬। যুগ্ম-সচিব (পূর্ত ও উন্নয়ন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

  
মোহাম্মদ ওয়ালিউল ইসলাম ২০/৬/২০১৮  
সহকারী সচিব  
ফোনঃ ৪৮১১১৫৬৯